



## নোটিশ

(Orientation cum Warning Notice)

এতদ্বারা শিবানী মণ্ডল মহাবিদ্যালয়, নামখানা-এর  
ষষ্ঠ সেমিস্টারের ৪-বছরের Major ও ৩-বছরের MDC কোর্সের সকল ছাত্রছাত্রীদের  
জানানো যাচ্ছে যে—

এই সেমিস্টারের জন্য কলেজ রুটিন ও প্রতিটি শিক্ষকের Paper-wise Lesson Plan  
চূড়ান্তভাবে প্রস্তুত করা হয়েছে।  
ষষ্ঠ সেমিস্টারের ক্লাস ১৬.০২.২০২৬ তারিখ থেকে শুরু হয়ে ৩০.০৪.২০২৬ তারিখের মধ্যে  
সম্পূর্ণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

### ◆ পাঠ্যক্রম সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

- ৪-বছরের Major ছাত্রছাত্রীদের জন্য
  - প্রতিটি DSCC-13, DSCC-14, DSCC-15
  - এবং দুটি Minor Paper
  - ☞ প্রতিটি পেপার সম্পূর্ণভাবে একজন নির্দিষ্ট শিক্ষক দ্বারা সম্পন্ন করা হবে।
- ৩-বছরের MDC ছাত্রছাত্রীদের জন্য

- একটি CC1 Paper
  - দুটি CC2 Paper
  - এবং দুটি Minor Paper  
(উল্লেখ্য, এই Minor Papers গুলি ৪-বছরের Major কোর্সের Minor Papers থেকে ভিন্ন)  
☞ এখানেও প্রতিটি পেপার সম্পূর্ণভাবে একজন নির্দিষ্ট শিক্ষক দ্বারা পড়ানো হবে।
- 

### ◆ Tutorial Component ও Continuous Evaluation

প্রতিটি পেপারের Tutorial Component মোট ২৫ নম্বরের এবং তা নিম্নরূপ তিনটি অংশে বিভক্ত—

- প্রথম অংশ: ৫ নম্বর  
☞ জমা দিতে হবে ২৮.০২.২০২৬ তারিখের মধ্যে
- দ্বিতীয় অংশ: ১০ নম্বর  
☞ জমা দিতে হবে ৩০.০৩.২০২৬ তারিখের মধ্যে
- তৃতীয় অংশ: ১০ নম্বর  
☞ জমা দিতে হবে ৩০.০৪.২০২৬ তারিখের মধ্যে

উপরোক্ত প্রতিটি Submission-এর সঙ্গে সংশ্লিষ্ট তারিখে Continuous Evaluation (লিখিত পরীক্ষা) অনুষ্ঠিত হবে, যথাক্রমে—

২৮ ফেব্রুয়ারি, ৩০ মার্চ ও ৩০ এপ্রিল ২০২৬।

- ✦ এই পরীক্ষাগুলিতে উপস্থিত থাকা বাধ্যতামূলক।
  - ✦ আগাম লিখিত আবেদন ও বৈধ মেডিক্যাল সার্টিফিকেট ব্যতীত কোনো Re-examination গ্রহণযোগ্য হবে না।
  - ✦ এই তিনটি পরীক্ষার নম্বরই সংশ্লিষ্ট পেপারের Tutorial Component-এর মোট ২৫ নম্বর হিসেবে গণ্য হবে।
- 

### ◆ Attendance সংক্রান্ত কঠোর নির্দেশ

- কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেমিস্টার-শেষ পরীক্ষায় বসার জন্য ন্যূনতম ৬০% ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।
- এই নিয়ম অত্যন্ত কঠোরভাবে প্রয়োগ করা হবে।
- অসুস্থতাজনিত অনুপস্থিতির ক্ষেত্রে অবশ্যই ডাক্তারের মেডিক্যাল রিপোর্ট ও সার্টিফিকেট জমা দিতে হবে।

- ✦ ৬০%-৭৫% উপস্থিতি থাকলে নির্ধারিত Fine প্রদান করতে হবে।
  - ✦ ৭৫%-এর বেশি উপস্থিতি থাকলে কোনো Fine দিতে হবে না।
- 

## ▲ সতর্কবার্তা

ছাত্রছাত্রীদের স্পষ্টভাবে জানানো হচ্ছে যে, **রুটিন, Lesson Plan** কঠোরভাবে অনুসরণ করবে, **Continuous Evaluation ও Attendance-সংক্রান্ত সকল নিয়ম অমান্য করলে তার সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট ছাত্রছাত্রীকেই বহন করতে হবে।** এ বিষয়ে পরবর্তীকালে কোনো আবেদন বা অজুহাত গ্রহণযোগ্য হবে না।

সকল ছাত্রছাত্রীকে **নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা, সময়মতো Tutorial জমা দেওয়া এবং Continuous Evaluation পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে সতর্ক করা হচ্ছে।**

---

## আদেশক্রমে

**Dr. Atish Dipankar Jana**

## অধ্যক্ষ

শিবানী মণ্ডল মহাবিদ্যালয়, নামখানা

তারিখ: 14 / 02/ 2026